# যায়যায়দিন

তারিখ ... 1-8-2006
পৃষ্ঠা ... কলাম ...

### ড. ওসমান ফারুকের আশাবাদ

# শিক্ষা ক্ষেত্রে সরকারের পদক্ষেপ জা[তির] জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে

যাযাদি রিপোর্ট

জোট সরকার গত পাঁচ বছরে শিক্ষা ক্ষেত্রে যেসব পদক্ষেপ নিয়েছে তা জাতির জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ আশাবাদ ব্যক্ত করেন। মন্ত্রী গত পাঁচ বছরে তার মন্ত্রণালয়ের নেয়া পদক্ষেপের সফলতা ও ব্যর্থতা তুলে ধরেন। আলাপকালে মন্ত্রী শিক্ষা ক্ষেত্রে তার মন্ত্রণালয়ের নেয়া পদক্ষেপগুলোকে গুরুত্বপূর্ণ বলে আখ্যায়িত করেছেন। তিনি বলেন, সরকার শিক্ষার গুণগত মানোন্নয়নে যে প্রচেষ্টা নিয়েছে এটি একটি চলমান প্রক্রিয়া। এ প্রক্রিয়ার অংশ হিসেবে সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নকলমুক্ত পরিবেশে পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। নির্দিষ্ট সময়ের আগেই এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ নিশ্চিত করার জন্য বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। উচ্চশিক্ষা সম্প্রসারণে গত পাঁচ বছরে দেশে ১৪টি পাবলিক ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করা হয়েছে। প্রফেশনাল এবং টেব[...] এডুকেশন সম্প্রসারণে পদক্ষেপ গ্র[...] হয়েছে। প্রাইভেট ইউনিভার্সিটিং[...] আইনগত দিক দিয়ে শক্তিশালী[...] ব্যবস্থা নেয়া হয়েছে। বেসরকারি[...] কলেজ, মাদ্রাসা ও কারিগরি শি[...] জন্য অবসর সুবিধা বোর্ড গঠ[...] হয়েছে। কল্যাণ ট্রাস্ট পুনর্গঠি[...] হয়েছে। বেসরকারি শিক্ষক-কর্ম[...] শতভাগ বেতন বৃদ্ধি ও উৎসব[...] প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক[...] মন্ত্রণালয়ের অসমাপ্ত কাজের কথা[...] ধরেছেন। এগুলো হলো একমুখী[...] ব্যবস্থা প্রবর্তন, প্রাইভেট ইউনি[...] অ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠন[...] করতে না পারা এবং অ[...] এডুকেশনের ফরমেট ভালোভা[...] করাতে না পারা ইত্যাদি। তিনি এ[...] কাজকে চলমান প্রক্রিয়া হিসেবে[...] করে বলেন, সময় স্বল্পতার কারণে[...] সম্পন্ন করা সম্ভব হলো না। আগামীতে সুযোগ পেলে[...] অগ্রাধিকার ভিত্তিতে শেষ করা হ[...] তিনি আশাবাদ ব্যক্ত করেন।